

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ আগস্ট ২০১৪/০৫ ভাদ্র ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৩৯ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশে জজিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদার এবং এ কার্যক্রম অধিকতর সমন্বয়ের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি টাস্কফোর্স গঠন করেছে :

(১) টাস্ক ফোর্সের গঠন :

১.	মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সভাপতি
২.	প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৩.	প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৪.	গভর্নর, বাংলাদেশ ব্যাংক	সদস্য
৫.	সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৬.	মহাপুলিশ পরিদর্শক	সদস্য
৭.	সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	সদস্য
৮.	সচিব, আইন ও বিচার বিভাগ	সদস্য
৯-১২.	মহাপরিচালক, বিজিবি; মহাপরিচালক, আনসার ও ভিডিপি; মহাপরিচালক, এনএসআই; মহাপরিচালক, ডিজিএফআই	সদস্য
১৩.	অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি	সদস্য
১৪.	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	সদস্য
১৫.	জিএম, এফআইইউ, বাংলাদেশ ব্যাংক	সদস্য
১৬.	পরিচালক, জাতীয় টেলিযোগাযোগ মনিটরিং সেল	সদস্য
১৭.	অতিরিক্ত সচিব (রাজনৈতিক), স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য-সচিব

(২) টাস্কফোর্স-এর কর্মপরিধি (ToR) নিম্নরূপ :

- দেশে জজিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদারকরণ এবং এ কার্যক্রমে অধিকতর সমন্বয়ের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- জজিবাদের অর্থের উৎস/যোগানদাতার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রণয়ন;
- জজি তৎপরতা রোধে নিবিড় গোয়েন্দা নজরদারি জোরদারকরণ;
- জজিবাদ ও সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টির লক্ষ্যে পরিচালিত যে কোন ধরনের অপতৎপরতা দমনে আইনানুগ কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কতৃপক্ষকে অবহিতকরণ;
- সংশ্লিষ্ট বিষয়ে তথ্য /উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ, পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মোস্তাফিজুর রহমান)

যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [ বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল ]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১৩৯

তারিখ ০৫ ভাদ্র ১৪২১  
২০ আগস্ট ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ৩। সিনিয়র সচিব/মহাপুলিশ পরিদর্শক/সচিব..... মন্ত্রণালয়/  
বিভাগ/পুলিশ সদরদপ্তর।
- ৪। মহাপরিচালক.....।
- ৫। .....।
- ৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয়  
অবগতির জন্য।
- ৭। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব..... মন্ত্রণালয়/ বিভাগ।  
মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৮। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৯। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

  
- ২০/০৮/২০১৪  
(মোঃ জয়নাল আবেদীন)  
সহকারী সচিব  
ফোন: ৯৫১১০৮১।